



নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২০০৬	তারিখ :- ২৭/৭/২০	গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।  
সংস্থাপন শাখা-৩  
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.২০৫

তারিখ: ৩ আষাঢ় ১৪৩৩  
১৭ জুন ২০২৬

বিষয়: দায়েরকৃত বিভাগীয় মামলায় ২য় কারণ দর্শানো প্রসংগে।

যেহেতু, আপনি জনাব ফারজানা নিশাদ, অফিস সহায়ক, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অত্র দপ্তরের ১০/১১/২০২৫ তারিখে ২৫.৩৬. ০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.৩২৫ নম্বর স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়। কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে আপনাকে একাধিকবার কারণ দর্শানো হয়। কিন্তু আপনি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আনীত বিভাগীয় মামলায় প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে ন্যায় বিচারের স্বার্থে তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় ১১/০১/২০২৬ তারিখের ২৫.৩৬.০০০০.০০০. ২২০.২৭.০৬৪৫.২৩.১৩ নম্বর স্মারকের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০৭/০৬/২০২৬ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.২৭.৭৯৩/০৭ নম্বর স্মারকের মাধ্যমে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি এবং অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করে আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ উপবিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ উপবিধি (৩) এর (ঘ) মোতাবেক “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হবে না, তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ উপবিধি (৯) মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ২য় কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৮) মোতাবেক তদন্ত প্রতিবেদন এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ-বর্ণনামতে-০৩(তিন) পাতা।

১৭-০৬-২০২৬  
(মোঃ খালেকুজ্জামান চৌধুরী)  
প্রধান প্রকৌশলী  
ফোন : ০২-২২৩৩৮২৭৯৫  
ইমেইল : ce@pwd.gov.bd

বিতরণ:

১। জনাব ফারজানা নিশাদ, অফিস সহায়ক, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা।

২। বর্তমান ঠিকানা-ফারজানা নিশাদ, অফিস সহায়ক, বাসা নং-৬৮, নয়াটোলা, মগবাজার, ঢাকা (রেডক্রিসেন্ট হেডকোয়ার্টারে র সামনে) মোবাইল-০১৯২০-৬৪৩৪৩১)।

৩। স্থায়ী ঠিকানা-জনাব ফরজানা নিশাদ, পিতা-আহমদ হোসেন সিকদার, গ্রাম-কানাসিকদার পাড়া, পোঃ- হারবাং, থানা-চকরিয়া, জেলা-কক্সবাজার।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৬৪৫.২৩.২০৫/১ (২)

তারিখ: ৩ আষাঢ় ১৪৩৩  
১৭ জুন ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সাভার গণপূর্ত সার্কেল, ঢাকা। দায়েরকৃত বিভাগীয় মামলায় ২য় কারণ দর্শানোর পত্রটি ০২(দুই)টি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে পত্রিকার কপি অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (নোটিশটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



স্বাক্ষর

১৭-০৬-২০২৬

(মুহাম্মদ সারওয়ার জাহান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)